



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700019  
2nd Term: Work Sheet - 21



Class: 3

Subject: Bengali Gram বোধশক্তির বিচার)

Date: 27/11/20

সে দিনটি আমার খুব মনে পড়ে। সারা দিন অবিশ্রান্ত বৃষ্টিপাত হইয়াও শেষ হয় নাই। শ্রাবণের সমস্ত আকাশটা ঘন মেঘে সমাচ্ছন্ন হইয়া আছে এবং সন্ধ্যা উত্তীর্ণ হইতে না হইতেই চারদিকে গাঢ় অন্ধকারে ছাইয়া গিয়াছে। আমরা তিন ভাই নিত্য প্রথামত বাহিরের বৈঠকখানায় ঢালা বিছানার উপর রেড়ির তেলের সেজ জ্বলাইয়া বই খুলিয়া বসিয়া গিয়াছি। বাহিরের বারান্দায় একদিকে পিসেমশাই ক্যান্ডিসের খাটের উপর শুইয়া সন্ধ্যা তন্দ্রাটুকু উপভোগ করিতেছেন এবং অন্যদিকে বসিয়া বৃদ্ধ রামকমল ভট্টাচার্য অন্ধকারে ধূমপান করিতেছেন। দেউড়িতে হিন্দুস্থানী পেয়াদাদের তুলসীদাসী সুর শোনা যাইতেছে এবং ভিতরে আমরা তিন ভাই মেজদার কঠোর তত্ত্বাবধানে নিঃশব্দে বিদ্যাভ্যাস করিতেছি।

অনুচ্ছেদটি পড়ে উত্তরগুলি লেখ ----

প্রশ্ন

১। কোন দিনের কথা বলা হয়েছে ?

২। কারা কার তত্ত্বাবধানে পড়াশোনা করছিল ?

৩। তারা কোথায় পড়াশোনা করছিল ?

৪। পিসেমশাই কি করছিলেন ?

৫। রামকমল ভট্টাচার্য মশাই কি করছিলেন ?

৬। হিন্দুস্থানী পেয়াদারা কি পড়ছিল ?

৭। তারা কোথায় বসে পড়ছিল ?

৮। রামায়ণ কি ?

৯। রামায়ণ কে লিখেছিলেন ?

১০। বিপরীত অর্থ লেখ -

ক) ঘন -

খ) গাঢ় -

গ) শেষ -

১১। ঠিক বা ভুল লেখ ---

ক) আমরা তিন ভাই বই খুলে পড়ছিলাম ।

খ) পিসেমশাই বাইরে ঘুরতে গেছেন ।

গ) দেউড়িতে রামকমল ভট্টাচার্য তুলসীদাসী সুরে গান গাইছে ।

Manashi Chaudhuri